ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৭২
খোয়াই, ১৬ সেপ্টেম্বর, ২০২৫

**পন্ডিত দীনদয়াল উপাধ্যায়, শচীন দেববর্মণ ও**
**মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উপলক্ষে প্রস্তুতি সভা**

খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে গতকাল খোয়াই মহকুমাভিত্তিক পন্ডিত দীনদয়াল উপাধ্যায়, সুর সম্রাট শচীন দেববর্মণ এবং জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি পিযুষ কান্তি চৌধুরি। সভায় উপস্থিত ছিলেন খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, খোয়াই মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য নির্ঝর ভৌমিক, শুভম আইচ সহ অন্যান্য সদস্যবৃন্দ। সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী ২৫ সেপ্টেম্বর সকাল ৮ টায় খোয়াই সুভাষপার্কস্থিত কোহিনূর প্রাঙ্গনে পন্ডিত দীনদয়ালের জন্মবার্ষিকী পালিত হবে। আগামী ২ অক্টোবর সকাল ৮ টায় সুভাষপার্কস্থিত কোহিনূর প্রাঙ্গনে সুর সম্রাট শচীন দেববর্মণ ও জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী এক সাথে উদযাপন করা হবে। উক্ত অনুষ্ঠানগুলিতে আলোচনাচক্রের পাশাপাশি স্থানীয় শিল্পীদের দ্বারা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। সভায় সভাপতি পিযুষ কান্তি চৌধুরি তাঁর বক্তব্যে বলেন, পন্ডিত দীনদয়াল উপাধ্যায়, সুর সম্রাট শচীন দেববর্মণ এবং জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকী উদযাপন আমাদের জন্য একটি গৌরবের বিষয়। এই অনুষ্ঠানগুলি সুন্দর ও সফলভাবে সম্পন্ন করতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

*****